গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা ১২০৫
web: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

বিষয়: নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কায়ছার রহমান, পরিচালক<br>পরিচালক, ব্যানবেইস |
| সভার তারিখ ও সময় | : | ২৩.০৬.২০২১ খ্রিঃ, বুধবার, বিকাল: ৩.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতির বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ব্যানবেইস এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার জন্য কমিটির সদস্যগণকে অনুরোধ করেন। ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ তরিকুল ইসলামকে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি ২০২০-২০২১ উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রতিপালনের জন্য জোর তাগিদ প্রদান করেছেন। এ ক্ষেত্রে পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন, বাস্তবায়নের ডকুমেন্ট সংরক্ষণ এবং তথ্য বাতায়ন কর্ণারে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।

২। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম এর ক্যালেন্ডার প্রস্তুত ও অনুসরণের মাধ্যমে তা বাস্তবায়ন | সভাপতি উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম এর ক্যালেন্ডার প্রস্তুত ও অনুসরণের মাধ্যমে তা বাস্তবায়ন করার বিষয়ে বিভাগীয় প্রধানসহ কমিটির সদস্যগণদের অনুরোধ করেন। | উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম এর ক্যালেন্ডার প্রস্তুত ও অনুসরণের মাধ্যমে তা বাস্তবায়ন করতে হবে। |
| ৫. | বিবিধ | সভায় প্রতি তিন মাসের মধ্যে কমপক্ষে ১ থেকে ২ টি সভা আহবান করার আলোচনা করা হয়। উক্ত সভায় কাজের বাস্তবায়ন অগ্রগতি এবং আগামী সভায় করণীয় বিষয়ে আলোচনার প্রস্তাব করা হয়। | সভায় প্রতি তিন মাসের মধ্যে কমপক্ষে ১ থেকে ২ টি সভা আহবান করতে হবে। |

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা: /-
(মোঃ কায়ছার রহমান)
পরিচালক, ব্যানবেইস
Email: director@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.৩৭.২২৩-২০১৯/ ৪৯৪৫

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮ / ২৩ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :
(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(২) চীফ ইনোভেশন অফিসার, উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৩) জনাব ..................................................................

..................................................

(৪) চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা

(৫) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(৬) অফিস কপি

২৩/০৬/২০২১

(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা ১২০৫
web: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

বিষয়: নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ, বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ওসমান ভুইয়া<br>পরিচালক, ব্যানবেইস |
| সভার তারিখ ও সময় | : | ১৮.১১.২০২০ খ্রিঃ, বুধবার, বিকাল: ৩.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতির বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি জনাব মোঃ ওসমান ভুইয়া উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ব্যানবেইস এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে কার্যকর ভুমিকা রাখার জন্য কমিটির সদস্যগণকে অনুরোধ করেন। তিনি ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ তরিকুল ইসলামকে সভার কার্যপত্র উপস্থাপনার জন্য অনুরোধ করেন। জনাব মোহাঃ তরিকুল ইসলাম ব্যানবেইস এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি ২০২০-২০২১ উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রতিপালনের জন্য জোর তাগিদ প্রদান করেছেন। এ ক্ষেত্রে Activity Calendar প্রস্তুত পূর্বক তা বাস্তবায়ন, বাস্তবায়নের ডকুমেন্ট সংরক্ষণ এবং তথ্য বাতায়ন কর্ণারে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।

২। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন | কোভিড সংক্রমণের পরিস্থিতিতে প্রশিক্ষণ ও কর্মশালা পরিচালনা পদ্ধতি ও এর বাস্তবায়ন কৌশল নির্ণয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় এ বিষয়ে প্রস্তাবনা তৈরি করার জন্য উপ-পরিচালক (অর্থ) জনাব মোঃ ইব্রাহিম খলিল, স্পেশালিস্ট (ডকুমেন্টেশন) জনাব কাজী ইলিয়াস উদ্দিন আহম্মেদ ও ফোকাল পারসন জনাব মোহাঃ তরিকুল ইসলাম এর সমন্বয়ে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব করা হয়। কমিটি প্রস্তাবনা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন। সে আলোকে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করবেন মর্মে আলোচনা করা হয়। | উপ-কমিটি কর্তৃক উপস্থাপিত প্রস্তাবনার আলোকে ইনোভেশন কমিটি কর্তৃক প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করতে হবে। |
| ২. | শিক্ষাতথ্য অ্যাপস এর পাইলটিং বাস্তবায়ন ও মূল্যায়ন | এ বছর উদ্ভাবনী উদ্যোগ হিসেবে শিক্ষাতথ্য অ্যাপস এর মাধ্যমে তথ্য সেবা কার্যক্রম নেয়া হয়েছে। শিক্ষাতথ্য অ্যাপস এর পাইলটিং বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে ইনোভেশন কমিটি গৃহীত উদ্ভাবনী টিম পরিসংখ্যান বিভাগের সহিত আলোচনা করে এর পাইলটিং, বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ে কর্মপদ্ধতি নির্ধারণের জন্য মতামত প্রদান করেন। | ইনোভেশন কমিটি পাইলটিং, বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ে কর্মপদ্ধতি নির্ধারণ করবেন। |
| ৩. | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | স্বীকৃতি বা প্রণোদনা হিসাবে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র /ক্রেস্ট ও পুরস্কার যেমন: শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে ইনোভেশন কমিটির আহবায়ক জনাব মো: ওসমান ভুইয়া একটি প্রস্তাব পেশ করার বিষয়ে মত প্রকাশ করেন। | স্বীকৃতি বা প্রণোদনা প্রদানের বিষয়ে উদ্ভাবন কমিটি কর্তৃক একটি প্রস্তাবনা তৈরি করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | একটি নাগরিক/দাপ্তরিক সেবা প্রক্রিয়া সহজীকরণ | একটি নাগরিক/দাপ্তরিক সেবা প্রক্রিয়া সহজীকরণের বিষয়ে বাধ্যবাধকতা থাকায় "শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সরবরাহ সহজীকরণ" একটি উদ্যোগ গ্রহণের প্রস্তাব সভায় তুলে ধরা হয়। বিষয়টিতে সকলে একমত পোষণ করেন এবং তা বাস্তবায়নের আলোচনা হয়। | একটি নাগরিক/দাপ্তরিক সেবা "শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সরবরাহ সহজীকরণ" বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৫. | বিবিধ | ক) ব্যানবেইস এবং এর আওতাধীন ইউআইটিআরসিই কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজীকরণ ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সাচিবিক কাজের জন্য একজন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োজিতকরণ বিষয়ে আলোচনা হয়।<br>খ) আগামী মাসের প্রথমার্ধে সভা আহবান এবং সে সভায় অর্ধবার্ষিক স্বমূল্যায়ন বিষয়ে আলোচনার প্রস্তাব করা হয়। | উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজীকরণ ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সাচিবিক কাজের জন্য একজন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োজিত করার জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/১১/২০২০
(মোঃ ওসমান ভুইয়া)
পরিচালক, ব্যানবেইস

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.৩৭.২২৩-২০১৯/২১৮৩

তারিখ: ০৫ অগ্রহায়ন ১৪২৭ / ১৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(২) চীফ ইনোভেশন অফিসার, উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৩) জনাব ..................................................................

.....................................................

(৪) চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা

(৫) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(৬) অফিস কপি

১৮/১১/২০২০
(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Web: www.banbeis.gov.bd

**বিষয় : ইনোভেশন বা ইনোভেটিভ কার্যক্রম বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৯.০৭.২০২০ খ্রিঃ বৃহস্পতিবার সকাল: ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| সভার সভাপতি | : | জনাব মোঃ ওসমান ভুইয়া, পরিচালক, ব্যানবেইস |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাগণের বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থাপন করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স অধিশাখা -এর পত্রে উল্লিখিত রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে সরকারি সেবা নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে পৌছে দেওয়ার নিমিত্ত বিভিন্ন উদ্ভাবন কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার পাশাপাশি বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ -তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট, সরকারের অন্যান্য নীতিমালা ও কৌশলপত্র ইত্যাদির সঙ্গে সংগতি রেখে নতুনভাবে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের নির্দেশনা আছে। এ প্রেক্ষিতে তিনি বিভিন্ন উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে সভার কাজ শুরু করেন।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ইনোভেটিভ টিম পুনর্গঠন | Innovation সংক্রান্ত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য ইনোভেটিভ টিম পুনর্গঠন বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। ইনোভেটিভ টিম পুনর্গঠন করতে হবে মর্মে মতামত দেন। | ইনোভেটিভ টিম পুনর্গঠন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন), ফোকাল পারসন |
| ২. | ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন | মন্ত্রিপরিষদ বিভাগ ও শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কার্যক্রম হাতে নেয়ার জোর তাগিদ দেন। | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ফোকাল পারসন |

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৭/২০২০

(মোঃ ওসমান ভুইয়া)
পরিচালক
ফোন : ৫৫১৫২১০২

বিতরণ ঃ

---------------------------------------------

নং ৩৭.২০.০০০০.০০১.৩৭.২২৩.২০১৯ - ৫৯ তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৭ / ০৯ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(২) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৯/০৭/২০২০
(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন